গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩৭

**জ্ঞানসমৃদ্ধ ও উন্নত জাতি হিসাবে গড়ে উঠতে বইকে সমাদর করতে হবে**
**- অতিরিক্ত বিভাগীয় কমিশনার**

রাজশাহী, ২৩ কার্তিক (০৮ নভেম্বর) :

অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো. রেজাউল আলম সরকার বলেছেন, আমাদের উন্নত জাতি হিসেবে গড়ে উঠার জন্য বইয়ের বিকল্প কিছু নেই। জ্ঞানসমৃদ্ধ ও উন্নত জাতি হিসাবে আমরা তখনই গড়ে উঠতে পারব যখন আমরা বইকে সমাদর করবো এবং কাজে লাগাবো।

আজ শনিবার (০৮ নভেম্বর) সন্ধ্যায় রাজশাহী কালেক্টরেট মাঠে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত এবং বিভাগীয় প্রশাসন বাস্তবায়িত নয় দিনব্যাপী বিভাগীয় বইমেলার সমাপনী, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা করেন।

রেজাউল আলম সরকার বলেন, শুরুর দিকে প্রতিকূল আবহাওয়া থাকলেও প্রতিনিয়ত এই মেলায় পাঠক ও দর্শক বৃদ্ধি পেয়েছে। আজকে সমাপনীর দিনেও প্রত্যেকটি স্টলে আমরা অনেক দর্শক দেখতে পাচ্ছি। আমরা আশা করছি এবারের বইমেলার যে লক্ষ্য এবং উদ্দেশ্য তা শতভাগ বাস্তবায়িত হয়েছে।

তিনি বলেন, বই হচ্ছে আমাদের জ্ঞানের আধাঁর, একজন পাঠক তার বই থেকে যে জ্ঞান আহরণ করে এটি তাকে সামনের দিকে এগিয়ে নিতে সহায়তা করে। আমরা আধাঁরের বাহন হিসেবে এই বইমেলার আয়োজন করেছি। এই মেলার মাধ্যমে আমাদের ছেলেমেয়েরা অনেক নতুন নতুন বই সম্পর্কে জানতে পেয়েছে, বইগুলোর বিষয়বস্তু কি আছে তা উপলব্ধি করতে পারবে পাশাপাশি জ্ঞানপিপাসু ব্যক্তি হিসেবে তারা বইয়ের মাধ্যমে জ্ঞান সংগ্রহ করবে।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার ড. চিত্রলেখা নাজনীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা প্রশাসক আফিয়া আখতার, আরএমপি'র উপপুলিশ কমিশনার মো. রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মো. রফিকুল আলম এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের উপপরিচালক মো. ফরিদ উদ্দিন সরকার।

মেলায় অংশগ্রহণকারী ৮১টি স্টলের মধ্য হতে প্রথম স্থান অর্জন করেছে কোয়ান্টাম প্রকাশনা, দ্বিতীয় স্থানে রয়েছে অন্যধারা প্রকাশনা এবং তৃতীয় স্থানে রয়েছে সত্যায়ন প্রকাশনা। অনুষ্ঠান শেষে তাদের এবং বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের হাতে সনদ ও উপহার তুলে দেওয়া হয়। পরে মেলামঞ্চে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

.........................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৭.৩০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd